গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ)
মণিরামপুর, যশোর।
manirampur.jessore.gov.bd

স্মারক নং-৫১.০১.৪১৬১.০০০.৪১.০৭৬.১৯-১৮৬ তারিখঃ ০৭/০৭/ ২০২১ খ্রিঃ

বিষয় ঃ ২০২০-২০২১ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল আযহা, ২০২১ উপলক্ষ্যে দুর্যোগাক্রান্ত/দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি পরিবারকে ভিজিএফ খাদ্য সহায়তা প্রদানের জন্য ইউনিয়ন ওয়ারী পুনঃবরাদ্দ।

সুত্রঃ জেলা প্রশাসক, যশোর মহোদয়ের কার্যালয়ের স্মারক নং ৫১.০১.৪১০০.০১৭.৪১.০৯৮.২১-৩৪৩ তারিখ ঃ ০৬/০৭/২০২১ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২০-২০২১ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচীর আওতায় মণিরামপুর উপজেলার জন্য ৬৩৭৬২ টি কার্ডের বিপরীতে ৬৩৭.৬২০ মেঃ টন চাল বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দকৃত চাল অতিদরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারের মাঝে ১০ কেজি হারে বিনামূল্যে বিতরণের জন্য নিম্নবর্ণিত ইউনিয়নের নামের পার্শ্বে বর্ণিত পরিমাণ চাল পুনঃবরাদ্দ দেওয়া হলো।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | চেয়ারম্যান/সদস্যের নাম | বরাদ্দকৃত কার্ড সংখ্যা | বরাদ্দকৃত চাল (মেঃ টন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | রোহিতা | মোঃ আবু আনছার সরদার | ৪৮০৫ টি | ৪৮.০৫০ | |
| ০২ | কাশিমনগর | মোঃ মতিউর রহমান (প্যানেল-১) | ২৪৮৫ টি | ২৪.৮৫০ | |
| ০৩ | ভোজগাতী | আঃ রাজ্জাক | ২২২৮ টি | ২২.২৮০ | |
| ০৪ | ঢাকুরিয়া | মোঃ এরশাদ আলী সরদার | ৪৩০০ টি | ৪৩.০০০ | |
| ০৫ | হরিদাসকাটি | বিপদ ভঞ্জন পাড়ে | ৩৮৮২ টি | ৩৮.৮২০ | |
| ০৬ | মনিরামপুর | মোঃ নিস্তার ফারুক | ১৯৫০ টি | ১৯.৫০০ | |
| ০৭ | খেদাপাড়া | এস. এম. আব্দুল হক | ৪৫০৬ টি | ৪৫.০৬০ | |
| ০৮ | হরিহরনগর | মোঃ জহুরুল ইসলাম | ৪০৭৯ টি | ৪০.৭৯০ | |
| ০৯ | ঝাঁপা | সামছুল হক মন্টু | ৪৪৪৩ টি | ৪৪.৪৩০ | |
| ১০ | মশ্মিমনগর | মোঃ আবুল হোসেন | ৪৯৩২ টি | ৪৯.৩২০ | |
| ১১ | চালুয়াহাটি | আব্দুল হামিদ সরদার | ৪৫৮৩ টি | ৪৫.৮৩০ | |
| ১২ | শ্যামকুড় | মনিরুজ্জামান মনি | ৫৭৫৯ টি | ৫৭.৫৯০ | |
| ১৩ | খানপুর | গাজী মোহাম্মদ আলী | ৪৬২০ টি | ৪৬.২০০ | |
| ১৪ | দূর্বাডাঙ্গা | মোঃ মাযাহারুল আনোয়ার | ৩৯২৬ টি | ৩৯.২৬০ | |
| ১৫ | কুলটিয়া | শেখর চন্দ্র | ২৯১০ টি | ২৯.১০০ | |
| ১৬ | নেহালপুর | নজমুস সাদাত | ২৩৭৬ টি | ২৩.৭৬০ | |
| ১৭ | মনোহরপুর | মোঃ মশিয়ার রহমান | ১৯৭৮ টি | ১৯.৭৮০ | |
| | | সর্বমোট= | ৬৩৭৬২ টি | ৬৩৭.৬২০ মেঃ টন | |

**ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরুপ শর্তাবলী অনুসরণ করতে হবে ঃ**

১) আদমশুমারী ২০১১ এর জনসংখ্যা অনুযায়ী ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে।

২) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার দুঃস্থ/ অতিদরিদ্র বলে গণ্য হবে।

ক. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
খ. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
গ. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
ঘ. যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
ঙ. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
চ. যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই।
ছ. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্ত মহিলা।
জ. যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
ঝ. যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি।
ঞ. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
ট. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
ঠ. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।

৩) ইউনিয়ন/ পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

৪) নির্ধারিত তারিখের মধ্যে উপকারভোগী যাচাই বাছাই করে উপকারভোগীদের তালিকা ও বিস্তারিত চাহিদা মোতাবেক তথ্যাদি প্রেরণ করতে হবে এবং ভবিষ্যতে উপকারভোগী যাচাই বাছাই বিষয়ে কোন প্রশ্ন বা আপত্তি উত্থাপিত হলে তার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্টরা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৫) মঞ্জুরীকৃত চাল নিম্নবর্ণিত শর্তাদি পালনপূর্বক বিলিবন্টন করতে হবে ঃ

ক. ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ কার্ড বরাদ্দ না পায়।

খ. সংশ্লিষ্ট চেয়ারম্যানগণ বরাদ্দকৃত চাল মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক যথানিয়মে বিতরণ করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

গ. বরাদ্দকৃত খাদ্যশস্য আগামী ১২/০৭/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে উত্তোলন করতে হবে এবং ঈদের পূর্বেই ১৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে বিতরণ কার্যক্রম সমাপ্ত করতে হবে। কোন কারণে চাউল বিতরণ সম্ভব না হলে কি কারণে বিতরণ করা হলো না এবং কি পরিমাণ বিতরণ করা হলো না তাহার সুনির্দিষ্ট তথ্য লিখিত ভাবে ১৯/০৭/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে অন্যথায় তাহার দায়ভার উপজেলা কর্তৃপক্ষ বহন করিবে না।

ঘ. বিতরণ কার্যক্রম সমাপ্ত করে ৭(সাত) কর্মদিবসের মধ্যে বিতরণের মাষ্টাররোল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে জমা দিতে হবে।

ঙ. **উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তর্ভূক্ত নিশ্চিত করতে হবে।**

চ. **বরাদ্দকৃত ভিজিএফ চাল অবশ্যই ট্যাগ অফিসারের উপস্থিতে বিতরণ নিশ্চিত করতে হবে এবং বিতরণের বিষয়ে কোন প্রশ্ন বা আপত্তি উত্থাপিত হলে তার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্টরা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।**

আগামী ১০/০৭/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নির্ধারিত ছক মোতাবেক উপকারভোগীর তালিকা প্রণয়ন করে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় (দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ) এ দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(সৈয়দ জাকির হাসান)
আইডি নং-১৭৫২২
উপজেলা নির্বাহী অফিসার
মণিরামপুর, যশোর

প্রাপক
চেয়ারম্যান, সচিব
........................................ ..... ইউপি
মণিরামপুর, যশোর।

স্মারক নং-৫১.০১.৪১৬১.০০০.৪১.০৭৬.১৯-১৮৬ তারিখঃ ০৭/০৭/ ২০২১ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। জেলা প্রশাসক, যশোর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মণিরামপুর, যশোর।
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, যশোর।
৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মণিরামপুর, যশোর।
৬। অফিস নথি।

৭/৭/২১

এস এম আবু আবদুল্লাহ বায়েজিদ
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
মণিরামপুর, যশোর।